

শিক্ষা মন্ত্রণালয়ের ১০০ কর্মকর্তার মধ্যে ট্যাব বিতরণ

■ সমকাল প্রতিবেদক
 তথ্যপ্রযুক্তির মাধ্যমে অফিসের কাজে নতুন গতি সঞ্চার করার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন অফিসগুলোর উপসচিব ও সমপর্যায়ের কর্মকর্তাদের মধ্যে ১০০টি ট্যাব (ট্যাবলেট কম্পিউটার) বিতরণ করা হয়েছে। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ গতকাল সোমবার দুপুরে মন্ত্রণালয়ের সভাকক্ষে কর্মকর্তাদের মধ্যে এসব ট্যাব বিতরণ করেন।

এ সময় শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, অতিরিক্ত সচিব স্বপন কুমার সরকার, এএস মাহমুদ হেলালউদ্দিন, এটিআরসিএর চেয়ারম্যান আশীষ কুমার সরকার, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহজাহান মিয়া, এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র পাল, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব বকর সিদ্দিকসহ উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোষিত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের কাজ এগিয়ে চলছে।